কালের কণ্ঠ

2 6 AUG 2016

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি পরীক্ষা শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে আজ শুক্রবার থেকে। সারা দেশের ৩৩০টি কেন্দ্রে এক লাখ ৫২ হাজার ১৪০ জন শিক্ষার্থী এতে অংশ নেবে। এর মধ্যে ৯৬ হাজার ২৬০ জন ছাত্র এবং ৫৫ হাজার ৮৮০ জন ছাত্রী। এ পরীক্ষা শুধু শুক্রবার সকাল ও বিকালে অনুষ্ঠিত হবে। ১৪ অক্টোবর পরীক্ষা শেষ হবে। গতকাল বৃহস্পতিবার উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ দপ্তর এ তথ্য জানিয়েছে।